

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৭.০৮.০০৬.১৮.৫৫১

তারিখঃ ১১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নোয়াখালী জজশীপের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোহাম্মদ ফারুককে ইউরোপীয় ইউনিয়ন কর্তৃক প্রদত্ত Erasmus Mundus Scholarship এর আওতায় Rotterdam University, Netherlands ও Hamburg University, Germany-তে European Masters in Law and Economics (EMLE) বিষয়ে ০১ (এক) বছর মেয়াদী মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য আগামী ১৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে ১৫/১০/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত তাঁর প্রেষণ মঞ্জুরীর সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্তমান কর্মস্থল হতে বদলী করে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


স্বাঃ/-
(শেখ হুমায়ুন কবীর)
উপ-সচিব (প্রশাসন-১)

নং-১০.০০.০০০০.১২৭.০৮.০০৬.১৮.৫৫১

তারিখঃ ১১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০২। জেলা ও দায়রা জজ, নোয়াখালী।
সংশ্লিষ্ট কর্মকর্তাকে আপনা কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ০৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখ তাঁর বর্তমান পদের কার্যভার অর্পণ পূর্বক অবিলম্বে বদলীকৃত কর্মস্থলে যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। জনাব মোহাম্মদ ফারুক, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, নোয়াখালী।
তাকে এই মর্মে অনুরোধ করা যাচ্ছে যে, তিনি যেন তাঁর বর্তমান পদের দায়িত্বভার জেলা ও দায়রা জজ কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ০৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখ অর্পণ পূর্বক অবিলম্বে বদলীকৃত কর্মস্থলে যোগদান করেন।
- ০৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/৮/বাজেট, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৮। উপ-পরিচালক, ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করতে অনুরোধ করা হলো।
- ০৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নোয়াখালী।
- ১২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১